গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

বিষয়ঃ **২ ডিসেম্বর ২০২৪ সোমবার পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি, ১১ ডিসেম্বর ২০২৪ বুধবার আন্তর্জাতিক পর্বত দিবস-২০২৪ এবং পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি	: জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ ও সময়	: ১৩/১১/২০২৪ খ্রি.; বেলা ১০:০০ টা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) সভার আলোচ্যসূচি উপস্থিত সকলকে অবহিত করেন এবং গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে শুনান।

আলোচ্যসূচি ক: ২ ডিসেম্বর, ২০২৪ সোমবার পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন:

সভাপতি পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠানটি সুন্দরভাবে আয়োজনের জন্য বিভিন্ন নির্দেশনা প্রদান করেন এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
১	সেমিনার আয়োজন	পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে আগামী ০২ ডিসেম্বর ২০২৪ সোমবার বেলা ১১:০০ টায় পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে ০২ ডিসেম্বর ২০২৪ সোমবার বেলা ১১:০০ টায় সেমিনার আয়োজন করতে হবে। দপ্তর/সংস্থার প্রতিনিধি ও ঢাকাস্থ তিন পার্বত্য জেলার অধিবাসীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দকে সেমিনারে অংশগ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন); যুগ্মসচিব (প্রশাসন); উপসচিব (প্র.-১) ও পরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স
২	প্রচার প্রচারনা ও ক্রোড়পত্র প্রকাশ	০২ ডিসেম্বর ২০২৪ সোমবার পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। পার্বত্য চট্টগ্রাম চুক্তি উপলক্ষ্যে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং তিন পার্বত্য জেলার বহুল প্রচারিত স্থানীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ বিষয়ে আলোচনা হয়।	বহুল প্রচলিত জাতীয় দৈনিক ও তিন পার্বত্য জেলার স্থানীয় দৈনিক পত্রিকায় পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে ক্রোড়পত্র প্রকাশ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন); যুগ্মসচিব (প্রশাসন); উপসচিব (প্র.-১); উপসচিব (বা./প্র.-২);) ও জনসংযোগ কর্মকর্তা
৩	ব্যয়	০২ ডিসেম্বর ২০২৪ সোমবার পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের যাবতীয় ব্যয়ের বিষয়ে আলোচনা হয়।	০২ ডিসেম্বর ২০২৪ সোমবার পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত যাবতীয় অনুষ্ঠানের ব্যয় মন্ত্রণালয়ের অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে ব্যয় করা হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন); যুগ্মসচিব (প্রশাসন) ও উপসচিব (বা./প্র.-২)

আলোচ্যসূচি খ: ১১ ডিসেম্বর ২০২৪ আন্তর্জাতিক পর্বত দিবস পালন:

সভাপতি সভাকে অবহিত করেন যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ১১ ডিসেম্বর ২০২৪ বুধবার আন্তর্জাতিক পর্বত দিবস পালন করা হবে। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে উক্ত অনুষ্ঠানটি সুন্দরভাবে পালনের জন্য মাননীয় উপদেষ্টা মহোদয় দিক নির্দেশনা প্রদান করেন। আন্তর্জাতিক পর্বত দিবস পালন উপলক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
০১	আলোচনা সভা	১১ ডিসেম্বর ২০২৪ আন্তর্জাতিক পর্বত দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাকে নিয়ে আলোচনা সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আন্তর্জাতিক পর্বত দিবস উপলক্ষ্যে ১১ ডিসেম্বর ২০২৪ বুধবার বেলা ১১.০০ টায় পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে আলোচনা সভা আয়োজন করতে হবে। আলোচনায় দপ্তর/সংস্থার প্রতিনিধিকে অংশ গ্রহনের জন্য পত্র দিতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন); যুগ্মসচিব (প্রশাসন); উপসচিব (প্র.-১) ও পরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স।
০২	ব্যয়	আন্তর্জাতিক পর্বত্য দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ব্যয় ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মন্ত্রণালয়ের অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে নির্বাহ করা হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন); যুগ্মসচিব(প্রশাসন) এবং উপসচিব (বা./প্র.-২)

আলোচ্যসূচি গ: পার্বত্য মেলা আয়োজন:

পার্বত্য মেলা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
০১।	পার্বত্য মেলার আয়োজন:	তিন পার্বত্য জেলায় উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারের জন্য পার্বত্য মেলা ২০২৫ আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	পরবর্ততে আলোচনাক্রমে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৯/১১/২০২৪
(এ কে এম শামিমুল হক ছিদ্দিকী)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-২৯.০০.০০০০.২১৩.২৩.০১৬.২০-৮০১

তারিখ: ১৯/১১/২০২৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৫। পরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা।
৬। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯। সহকারী সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৩। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪। অফিস কপি।

১৯/১১/২০২৪

(কাজী মোহাম্মদ চাহেল তন্তরী)
উপসচিব
ফোন: ৫৫১০০৩১৪
ইমেইল: asadmin@mochta.gov.bd